



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“প্রবাসী কর্মীরা উন্নয়নে অংশীদার  
সম্মত রাখব তাদের অধিকার”

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
কর্মসংস্থান-৪ শাখা  
www.porbashi.gov.bd

তারিখ: ৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
১৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.৩১.০০২.২১.২২৪

বিষয়: রোমানিয়া বা পূর্ব ইউরোপের দেশসমূহ হতে বাংলাদেশি কর্মী কর্তৃক কর্মস্থল ত্যাগ করে অবৈধভাবে অন্যদেশে যাওয়া প্রতিরোধে করণীয়  
বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভা।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রোমানিয়া বাংলাদেশি কর্মীদের জন্য একটি সম্ভাবনাময় শ্রমবাজার। বিগত বছরগুলোতে উল্লেখযোগ্য সংখ্যক বাংলাদেশি কর্মী কর্মসংস্থানের উদ্দেশ্যে রোমানিয়া গমন করেছে। রোমানিয়া সরকার ২০২৪-২৫ সালে নন-ইউরোপীয় কোটায় আফ্রিকা ও এশিয়া থেকে ১,৪০,০০০ (এক লক্ষ চল্লিশ হাজার) কর্মী নিয়োগ করবে এবং আগামী কয়েক বছরে ১০ লক্ষ বিদেশি কর্মীর চাহিদা তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে মর্মে রোমানিয়াস্থ বাংলাদেশ দূতাবাস কর্তৃক প্রেরিত পত্রের মাধ্যমে জানা গিয়েছে। কিন্তু রোমানিয়ায় আগত শতকরা ৮০-৮৫ ভাগ কর্মী পালিয়ে যেতে বাধ্য হচ্ছে বা বাধ্য করা হচ্ছে মর্মে দূতাবাসের পত্রে উল্লেখ করা হয়েছে। রোমানিয়ায় বাংলাদেশি কর্মীগণের কর্মস্থল হতে অন্যত্র পলায়নের ফলে ভবিষ্যতে রোমানিয়ায় কর্মী প্রেরণে নেতিবাচক প্রভাব পড়বে মর্মে প্রতীয়মান হয়।

০২। এমতাবস্থায়, রোমানিয়া বা পূর্ব ইউরোপের দেশসমূহ হতে বাংলাদেশি কর্মীদের কর্মস্থল ত্যাগ করে অবৈধভাবে অন্যদেশে যাওয়া প্রতিরোধে করণীয় বিষয়ক একটি আন্তঃমন্ত্রণালয় সভা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী ২২/০৪/২০২৪ তারিখ সোমবার বিকাল ৩.০০ ঘটিকায় এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং-১৯১৬, ১৯ তলা) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-০৪-২০২৪

মোঃ শহিদুল ইসলাম চৌধুরী  
উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, পররাষ্ট্র সচিবের দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয় (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
- ২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
- ৩। সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
- ৪। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (একজন প্রতিনিধিসহ উপস্থিত থাকার অনুরোধসহ);
- ৫। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
- ৬। যুগ্মসচিব, মিশন ও কল্যাণ অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
- ৭। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
- ৮। যুগ্মসচিব, কর্মসংস্থান-১ অধিশাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
- ৯। উপসচিব, কর্মসংস্থান-৩ শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
- ১০। উপসচিব, কর্মসংস্থান-১ শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
- ১১। সিনিয়র সহকারী সচিব, কর্মসংস্থান-২ শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং
- ১২। সভাপতি, বায়রা, বায়রা ভবন, ১৩০ নিউ ইন্সটন রোড, ঢাকা।

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.৩১.০০২.২১.২২৪/১(৪)

তারিখ: ৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
১৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপসচিব, সেবা ও প্রটোকল শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সভাকক্ষ প্রস্তুত ও আগত ৩০ জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
- ৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং
- ৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সভায় প্রয়োজনীয় আইটি সহায়তা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।



১৬-০৪-২০২৪

মোঃ শহিদুল ইসলাম চৌধুরী  
উপসচিব